গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
www.mohfw.gov.bd

নং- ৪৫.০০.০০০০.১৭২.৩৬.০০১.১৯- ১৮ তারিখ: ১৬.০১.২০১৯খ্রি:

বিষয়: মসিউর রহমান, অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:), স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ন্যাশনাল আই কেয়ার অফিস, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা পরিদর্শন প্রতিবেদন।

গত ২৪.১২.২০১৮ তারিখ সকাল ১০ টায় ন্যাশনাল আই কেয়ার অফিস, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা পরিদর্শন করি। পরির্শনকালে লাইন ডাইরেক্টর অধ্যাপক ডাঃ গোলাম মোস্তফাসহ পিএম ও ডিপিএমগণ হাজির ছিলেন।

০২। অপারেশনাল প্লানের অগ্রগতি ও কার্যক্রম পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হয়। কমিউনিটি ভিশন সেন্টার সম্পর্কে ভিডিও ক্লিপ দেখানো হয়। এছাড়া ভিশন সেন্টার পরিচালনার নিমিত্ত নির্বাচিত নার্সগণের প্রশিক্ষণ মডিউল সম্পর্কে আলোকপাত করা হয়। লাইন ডাইরেক্টর জানান নির্বাচিত নার্সগণ ২(দুই) মাস জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকায় এবং ২(দুই) মাস ভারতের অরবিন্দ আই হসপিটালে হাতে কলমে প্রশিক্ষণ নিবেন। গত অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত ৪০(চল্লিশ) জন নার্স যথারীতি ২০ (বিশ)টি কমিউনিটি ভিশন সেন্টারে স্বাস্থ্য ও চিকিৎসা সেবা প্রদান করছে। চলতি অর্থ বছরেও ৬০(ষাট) জন নার্স অনুরূপ প্রশিক্ষণ পাবে। প্রশিক্ষণ প্রাপ্ত নার্সগণকে কমিউনিটি ভিশন সেন্টার হতে অন্যত্র যাতে বদলী করা না হয় সে বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন। এছাড়া বেইজ সেন্টারের বুথসমূহে পর্যাপ্ত চক্ষু ডাক্তার যাতে সবসময়ে উপস্থিত থাকেন ও যথাযথভাবে চিকিৎসা সেবা প্রদান করেন, সে বিষয়টিও নিশ্চিত করা প্রয়োজন। বেইজ সেন্টারে ডাক্তারের অনুপস্থিতি কমিউনিটি ভিশন সেন্টার কেন্দ্রিক চিকিৎসা সেবায় সরাসরি প্রভাব ফেলে বিধায় এ কার্যক্রমের সফলতা ও গুণগতমান অক্ষুন্ন রাখার স্বার্থে বিষয়টি জরুরী।

০৩। ন্যাশনাল আই কেয়ার অপারেশনাল প্লান বাস্তবায়নে লাইন ডাইরেক্টর কয়েকটি চ্যালেঞ্জ উল্লেখ করেন:

(ক) ৬৪টি জেলার সদর হাসপাতালসমূহে কমপক্ষে ১জন করে চক্ষু বিশেষজ্ঞ (সিনিয়র/জুনিঃ কনঃ) ও ১জন করে মেডিকেল অফিসার পদায়নকরন। পদায়নপ্রাপ্ত কর্মকর্তাগণকে কমপক্ষে ৩বৎসর কাজ করতে হবে।

(খ) জেলা সদর হাসপাতালে চক্ষু বিষয়ক অতি প্রয়োজনীয় যন্ত্রপাতি সমূহের জন্য ওপিতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ নেই।

(গ) উপজেলা পর্যায়ে কমিউনিটি ভিশন সেন্টারসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ন্যাশনাল আই কেয়ার এর সাথে সাথে স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক মনিটরিং জোরদারকরণ।

(ঘ) প্রশিক্ষণপ্রাপ্ত কমিউনিটি ভিশন সেন্টারে কর্মরত নার্সদেরকে অন্যত্র বদলী না করা।

(ঙ) কমিউনিটি ভিশন সেন্টারসমূহে রোগীদের সেবাটি ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে একটি উন্নততর টেলিমেডিসিন সেবা বিধায় প্রতিটি সেন্টারে সার্বক্ষনিক উচ্চগতির ইন্টারনেট চালু থাকা প্রয়োজন।

(চ) প্রতিটি কমিউনিটি ভিশন সেন্টারের জন্য ২(দুই) সেট কম্পিউটার, হেডফোন, স্পিকার, ইউপিএস, প্রিন্টার, এন্টি ভাইরাস, ইন্টারনেট কানেকশন এর জন্য রাউটার, নেটওয়ার্কিং ইত্যাদির জন্য ন্যাশনাল আই কেয়ার অপারেশনাল প্লানে কোন বরাদ্দ নাই। তাছাড়া বেইজ সেন্টারের জন্যও তদরুপ কম্পিউটার সামগ্রীর জন্য কোন বরাদ্দ নাই। কমিউনিটি ভিশন সেন্টারে রোগীদের চিকিৎসা সেবায় নিরবচ্ছিন্ন বিদ্যুত সরবরাহে আইপিএস এর জন্য বরাদ্দ প্রয়োজন।

(ছ) কমিউনিটি ভিশন সেন্টার এর সহিত বেইজ সেন্টার এর কানেকশন স্থাপন, প্রয়োজনীয় যন্ত্রপাতি দেখাশুনা, রোগীদের সেবা সংক্রান্ত তথ্য উপাত্ত সংরক্ষণ, মেডিসিন ও এম.এস.আর সামগ্রী গ্রহণ ও বিতরণ ইত্যাদি কাজের জন্য ওপিতে প্রতিটি বেইজ সেন্টারে একজন ডিপ্লোমা/আইটি টেকনিশিয়ান (নেটওয়ার্কিং জানা) ও একজন ফিল্ড কো-অর্ডিনেটর পদের সংস্থান রাখা।

০৪। সুপারিশসমূহ:

১. উপজেলা পর্যায়ে কমিউনিটি ভিশন সেন্টারসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ন্যাশনাল আই কেয়ার এর সাথে সাথে স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক মনিটরিং জোরদার করা প্রয়োজন।

২. কমিউনিটি ভিশন সেন্টারসমূহে রোগীদের সেবাটি ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে একটি উন্নততর টেলিমেডিসিন সেবা বিধায় প্রতিটি সেন্টারে সার্বক্ষনিক উচ্চগতির ইন্টারনেট চালু থাকা প্রয়োজন।

৩. প্রশিক্ষণপ্রাপ্ত কমিউনিটি ভিশন সেন্টারে কর্মরত নার্সদেরকে অন্যত্র বদলি না করা।

৪.৬৪টি জেলার সদর হাসপাতালসমূহে কমপক্ষে ১জন করে চক্ষু বিশেষজ্ঞ (সিনিয়র/জুনিঃকনঃ) ও ১জন করে মেডিকেল অফিসার পদায়ন করার ব্যবস্থা গ্রহণ। পদায়নপ্রাপ্ত কর্মকর্তাগণকে কমপক্ষে ৩ (তিন) বৎসর কাজ করতে হবে।

৫. প্রতিটি কমিউনিটি ভিশন সেন্টারের জন্য ২(দুই) সেট কম্পিউটার, হেড ফোন,স্পিকার, ইউপিএস, প্রিন্টার, এন্টি ভাইরাস, ইন্টারনেট কানেকশন এর জন্য রাউটার, নেটওয়ার্কিং ইত্যাদির জন্য ন্যাশনাল আই কেয়ার অপারেশনাল প্লানে কোন বরাদ্দ নাই। তাছাড়া বেইজ সেন্টারের জন্যও তদরুপ কম্পিউটার সামগ্রীর জন্য কোন বরাদ্দ নাই। কমিউনিটি ভিশন সেন্টারে রোগীদের চিকিৎসা সেবায় নিরবচ্ছিন্ন বিদ্যুত সরবরাহে আইপিএস এর জন্য বরাদ্দ প্রয়োজন।

৬. কমিউনিটি ভিশন সেন্টার এর সহিত বেইজ সেন্টার এর কানেকশন স্থাপন, প্রয়োজনীয় যন্ত্রপাতি দেখাশুনা, রোগীদের সেবা সংক্রান্ত তথ্য উপাত্ত সংরক্ষণ, মেডিসিন ও এম.এস.আর সামগ্রী গ্রহণ ও বিতরণ ইত্যাদি কাজের জন্য ওপিতে প্রতিটি বেইজ সেন্টারে একজন ডিপ্লোমা/আইটি টেকনিশিয়ান (নেটওয়ার্কিং জানা) ও একজন ফিল্ড কো-অর্ডিনেটর পদের সংস্থান রাখা।

৭. জেলা সদর হাসপাতালে চক্ষু বিষয়ক অতি প্রয়োজনীয় যন্ত্রপাতি সমূহের জন্য ন্যাশনাল আই কেয়ার ওপিতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা।

২৬.০৭.১৯

(মসিউর রহমান)
অতিরিক্ত সচিব(আ:ব্য:অ:)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বিতরণ: (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল)/ অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৪। মহাপরিচালক (নার্সিং ও মিডওয়াইফারি) অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।

৫। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৬। পরিচালক ও অধ্যাপক,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল এবং লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার, শেরে বাংলা নগর, ঢাকা।

৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৮। অতিরিক্ত সচিব (আ:ব্য:অ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৯। যুগ্মসচিব(প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.০০.০০০০.১৭২.৩৬.০০১.১৯- ১৯ তারিখ: ১৬.০১.২০১৯খ্রি:

গত ০৭.০১.২০১৯ তারিখ সকাল ১০ টায় ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস (এনএনএস)অফিস, পুষ্টি ভবন, মহাখালী, ঢাকা পরিদর্শন করি। পরির্শনকালে যুগ্মসচিব (প্রবা) জনাব মো: সোহেল ইমাম খান ও লাইন ডাইরেক্টর ড. মো: ইউনুস সহ পিএম ও ডিপিএমগণ হাজির ছিলেন।

২. অপারেশনাল প্ল্যানটির কার্যক্রম ও অগ্রগতি পাওয়ার পয়েন্টে প্রেজেন্টেশন করা হয়। অপারেশনাল প্ল্যানটির নির্ধারিত ২৫(পঁচিশ)টি কার্যক্রম রয়েছে। তবে সবগুলো কার্যক্রম একত্রে একই অর্থ বছরে বাস্তবায়ন করা হয় না। জাতীয়ভাবে কৃমিনাশক কর্মসূচি (২৪-৫৯ মাস বয়সী শিশু) এ ওপির অধীনে সম্পন্ন হয়। এছাড়া সামাজিক আচরন পরিবর্তন যোগাযোগ ও খাদ্যনিরাপত্তা কর্মসূচিও এ ওপির অধীনে পরিচালিত হয়। বর্তমানে খাদ্য নিরাপত্তার বিষয়টি খাদ্য মন্ত্রণালয়ের অধীন বিধায় খাদ্য নিরাপত্তা ইস্যুতে এ ওপির কার্যক্রমে পরিবর্তন হয়েছে। মাতৃপুষ্টির উন্নয়নসহ খাদ্য শক্তিশালীকরণ ও এ ওপির অন্তর্ভূক্ত। মূলত পুষ্টি সম্পর্কিত বিবিধ বিষয়ের অভিষ্ট লক্ষ্য অর্জনে এ ওপিটি কাজ করে।

৩. ওপিটি যেহেতু পুষ্টি সম্পর্কিত কার্যক্রম করে সেহেতু বয়স্ক লোকজনের, শিশু, কিশোরী পুষ্টি স্বাস্থ্যের উন্নয়নে এ ওপির গুরুত্ব ও কার্যক্রমের চাহিদা রয়েছে। তৎপ্রেক্ষিতে ওপির কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিকতা প্রয়োজন। চরাঞ্চল, দূর্গম ও হাওর এলাকার পুষ্টি উন্নয়নে বেশি গুরুত্ব ও জোর দেওয়া প্রয়োজন।

৪. অপারেশনাল প্ল্যানটির ২০১৮-১৯ অর্থবছরের কর্মপরিকল্পনা (Work Plan) ডিসেম্বর/১৯ মাসে অনুমোদিত হয়। সময় ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি অর্জনের নিমিত্ত কর্মপরিকল্পনা অর্থবছরের শুরুতেই অনুমোদন হওয়া প্রয়োজন।

৫। ওপিটি বাস্তবায়নে কয়েকটি চ্যালেঞ্জের উল্লেখ করা হয়:

ক) জেলা ও উপজেলায় প্রয়োজনীয় পুষ্টিবিদ পদ সৃষ্টি ও নিয়োগ।

খ) ৪র্থ এইচপিএনএসপি এর পিআইপিতে এনএনএস ব্যতিত অন্যান্য ওপিতে জিওবি ৯০% (প্রায়) সংস্থান রাখা হয়েছে। কিন্তু এনএনএস ওপিতে জিওবি ১০% সংস্থান রাখা হয়েছে। এক্ষেত্রে, উন্নয়ন অংশীদারদের নির্ভরতা কমিয়ে আনা প্রয়োজন।

গ) খাদ্য নিরাপত্তা ইস্যুতে খাদ্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় জোরদার করা।

৫. সুপারিশসমূহ:

ক) জেলা ও উপজেলায় প্রয়োজনীয় পুষ্টিবিদ পদ সৃষ্টি ও নিয়োগের কার্যকরী উদ্যোগ গ্রহণ;

খ) ৪র্থ এইচপিএনএসপি এর পিআইপিতে এনএনএস ব্যতিত অন্যান্য ওপিতে জিওবি ৯০% (প্রায়) সংস্থান রাখা হয়েছে। কিন্তু এনএনএস ওপিতে জিওবি ১০% সংস্থান রাখা হয়েছে। এক্ষেত্রে, উন্নয়ন অংশীদারদের নির্ভরতা কমিয়ে জিওবির অবদান বৃদ্ধি করা প্রয়োজন;

গ) খাদ্য নিরাপত্তা ইস্যুতে খাদ্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় জোরদারের উদ্যোগ গ্রহণ;

ঘ) অর্থবছরের শুরুতেই কর্মপরিকল্পনা (Work Plan) অনুমোদনের কার্যকরী উদ্যোগ গ্রহণ;

(মসিউর রহমান)
অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বিতরণ: (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)/ অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৪। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৫। পরিচালক, আইপিএইচএন ও লাইন ডাইরেক্টর, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস (এনএনএস), মহাখালী, ঢাকা।

৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৭। অতিরিক্ত সচিব (আ:ব্য:অ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৮। যুগ্মসচিব(প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।